

সকলের সহযোগিতায় সমন্বিত উদ্যোগে প্রবাসীদের কল্যাণে সকল চ্যালেঞ্জের মোকাবেলা করবো

-প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী

ঢাকা- ০৮ জানুয়ারি

আজ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ইমরান আহমদ, এমপি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে কর্মকর্তা/কর্মচারী ও গণমাধ্যম কর্মীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। তিনি আজ বিকেলে মন্ত্রণালয়ে আসলে মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ তাঁকে ফুলেল শুভেচ্ছা জানায়। প্রতিমন্ত্রী ইমরান আহমদ, এমপি-কে ফুল দিয়ে বরণ করেন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহান। এছাড়াও মন্ত্রণালয়ের অধিন বিভিন্ন দপ্তর/সংস্থার কর্মকর্তাবৃন্দ মন্ত্রীকে ফুল দিয়ে স্বাগত জানান। পরে তিনি সবার সাথে মতবিনিময় করেন।

মতবিনিময়কালে প্রতিমন্ত্রী ইমরান আহমদ, এমপি সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন, সকলের সহযোগিতায় সমন্বিত উদ্যোগে প্রবাসীদের কল্যাণে সকল চ্যালেঞ্জের মোকাবেলা করবো। তিনি আরোও বলেন, ভিশন ২০২১ বাস্তবায়নে সরকার নিরলসভাবে কাজ করছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র নির্দেশে প্রবাসীদের কল্যাণে প্রয়োজনীয় ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হবে।

প্রতিমন্ত্রী বলেন, জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র প্রতি আমি কৃতজ্ঞ, তিনি আমাকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মত একটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের দায়িত্ব প্রদান করেছেন। তিনি আরও বলেন, স্বল্প ব্যয়ে নিরাপদ অভিবাসন ও সুষ্ঠু, নিয়মিত বৈদেশিক কর্মসংস্থানে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। দেশের অর্থনীতিতে প্রবাসীদের রেমিটেন্সের ভূমিকা অপরিসীম উল্লেখ করে তিনি বলেন, রেমিটেন্স বৃদ্ধির অগ্রযাত্রা অব্যাহত রাখতে প্রয়োজনীয় সব উদ্যোগ নেওয়া হবে।

মতবিনিময় সভায় ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহান বলেন, দ্রুত সময়ের মধ্যে বিদেশে গমনেচ্ছু কর্মীদের ডাটাবেজ তৈরি ও কর্মসংস্থান নিশ্চিত করার জন্য মন্ত্রণালয় ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছে।

এসময় উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহান, প্রবাসী কল্যাণ ব্যাংকের চেয়ারম্যান বেগম সামছুন নাহার, অতিরিক্ত সচিব(অভিবাসী কল্যাণ) ড. আহমেদ মুনিরুছ সালেহীন, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি, বিএমইটি'র মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেল এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তীসহ মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবাইল- ০১৭১২-৩৮০৪৩৫